ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৬২৯
আগরতলা,৮ মে,২০২৫

**নির্বাচন কমিশনের সঙ্গে বিজেপি প্রতিনিধিদলের বৈঠক**

ভারতের নির্বাচন কমিশনের নির্বাচন সদনে আজ জাতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডার নেতৃত্বে বিজেপির একটি প্রতিনিধিদলের সঙ্গে নির্বাচন কমিশনের মতবিনিময় হয়েছে। এই মতবিনিময় অনুষ্ঠানে জাতীয় এবং রাজ্য দলের সভাপতিগণ তাদের পরামর্শ ও উদ্বেগ সরাসরি কমিশনের কাছে তুলে ধরতে পারছেন, যার প্রয়োজনীয়তা দীর্ঘদিন ধরেই অনুভূত হচ্ছিলো। বর্তমানে বিদ্যমান আইনি কাঠামোর মধ্যে থেকে সমস্ত অংশীদারদের সঙ্গে নির্বাচনী প্রক্রিয়াকে কিভাবে আরও শক্তিশালী করে তোলা যায় সে সম্পর্কে নির্বাচন কমিশনের খোলামেলা দৃষ্টিভঙ্গির সঙ্গে এই ধরনের মতবিনিময় অনুষ্ঠান সঙ্গতিপূর্ণ। এর আগে সবমিলিয়ে ৪,৭১৯টি সর্বদলীয় বৈঠক করা হয়েছে। মুখ্য নির্বাচন আধিকারিকগণ (সি.ই.ও.) ৪০টি, জেলা নির্বাচন আধিকারিকগণ (ডি.ই.ও.) ৮০০টি এবং ই.আর.ও.-রা ৩,৮৭৯টি বৈঠক করেছেন। বিভিন্ন রাজনৈতিক দলের ২৮ হাজারেরও বেশি প্রতিনিধিগণ এই বৈঠকগুলিতে অংশ নিয়েছেন। ভারতের নির্বাচন কমিশনের পক্ষ থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

*****